অধ্যক্ষের কার্যালয়

চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

বিজ্ঞপ্তি নং-২২২ তারিখঃ ১১/১১/২০২৫ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব নিয়মিত কোর্সে ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির সময়সূচি, ফিসের হিসাব, ফি জমাদান ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেওয়া হলো। উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

| | |
|---|---|
| মাস্টার্স শেষ পর্ব নিয়মিত কোর্সের ভর্তির বিষয়সমূহ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত এবং ভূগোল ও পরিবেশ। |
| ভর্তির তারিখ | ১২/১১/২০২৫ তারিখ থেকে ১৭/১১/২০২৫ তারিখ পর্যন্ত। (সরকারি ছুটির দিন ব্যতীত) |
| ভর্তি ফি | ক) এম.এ/এম.এস.এস/এম.বি.এ- ৪৫১০/-( সেমিনার ফি-৪৫০/- ও স্টাডি ট্যুর ফি-১২০টাকাসহ)<br>খ) এম.এসসি- ৪৭৮৫/- (সেমিনার ফি-৬০০/- ও স্টাডি ট্যুর ফি-১২০টাকাসহ) |
| অনলাইনে ভর্তির ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের নিয়মাবলি | ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির জন্য ১১/১১/২০২৫ তারিখ হতে ১৭/১১/২০২৫ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (**www.nu.ac.bd/admissions**) **Applicant Login** অপশনে **Masters (Regular) Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন নম্বর এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিতে হবে। উল্লেখ্য যে, ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীগণ ১৭/১১/২০২৫ তারিখের পর অনলাইন হতে জাতীয় বিশ্ববিদ্যালয়-এর ওয়েবসাইট হতে ভর্তি ফরম উত্তোলন করতে পারবে না। |
| ভর্তির ফি প্রদানের নিয়মাবলি | মাস্টার্স শেষ পর্ব নিয়মিত কোর্সে ভর্তির জন্য ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীগণ (**https://chandpurcollege.eshiksaems.com/main**) লিংকে গিয়ে **User ID- cgcstudent** এবং **Password- cgcstudent** দিয়ে **admission** বাটনে ক্লিক করে **Click New Admission** অপশনে গিয়ে গ্রুপ (মাস্টার্স), নির্বাচিত বিষয়, ভর্তি আবেদনের রোল দিয়ে **Check For Admission** এ ক্লিক করলে যে ফরমটি দেখা যাবে তা পূরণপূর্বক **Submit** করে প্রিন্ট নিতে হবে। **Submit** করার পর সেলফিন/বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ প্রবেশ করে **Education Fee/ Pay Bill** অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। **Student ID**- এর স্থলে ভর্তি আবেদনের রোল নম্বর লিখে পেমেন্ট সম্পন্ন করতে হবে। |
| ভর্তির ফরম জমা দেওয়ার নিয়ামাবলী: | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের পর ফি জমাদানের রশিদ, জাতীয় বিশ্ববিদ্যালয় ও **eshiksabd** হতে ডাউনলোডকৃত ভর্তির ফরম দুইটি,অনার্স/মাস্টার্স-১ম পর্ব কোর্সের মূল নম্বরপত্রের ফটোকপিসহ আগামী ১২/১১/২০২৫ তারিখ হতে ১৭/১১/২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়নি বলে গণ্য করা হবে। |

নিয়মাবলি :

১। দ্বৈত ভর্তি সম্পর্কে জরুরী নির্দেশনা: মাস্টার্স শেষ পর্ব নিয়মিত কোর্সে ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত কোন ছাত্র-ছাত্রী পূর্ববর্তী শিক্ষাবর্ষে মাস্টার্স নিয়মিত/প্রাইভেট অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যায়নরত অবস্থায় ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১৬/১১/২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে দ্বৈত ভর্তিজনিত কারণে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত কোর্সের ক্লাস ০১/০৭/২০২৫ তারিখ রোজ মঙ্গলবার থেকে শুরু হয়েছে। এ বিষয়ে প্রয়োজনে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

বি.দ্র. সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি মেনে-এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১১/১১/২০২৫

অধ্যক্ষ

চাঁদপুর সরকারি কলেজ

চাঁদপুর।